

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/২৯ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৮৩-আইন/২০২১।—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৬৮ এর উপ-ধারা (১) এবং (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের অধীন সংঘটিত অপরাধের দ্রুত ও কার্যকর বিচারের উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত সাইবার ট্রাইব্যুনাল গঠন করিল এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এলাকাকে উহাদের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল, যথা :—

টেবিল

ক্রমিক নং	ট্রাইব্যুনালের নাম	স্থানীয় অধিক্ষেত্র
(১)	(২)	(৩)
১।	সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা	ঢাকা, নরসিংদী, গাজীপুর, শরীয়তপুর, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা।

(৭২৫৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	ট্রাইব্যুনালের নাম	স্থানীয় অধিক্ষেত্র
২।	সাইবার ট্রাইব্যুনাল, চট্টগ্রাম	চট্টগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী, কক্সবাজার, বান্দরবান, রাজশাহী ও খাগড়াছড়ি জেলা।
৩।	সাইবার ট্রাইব্যুনাল, রাজশাহী	রাজশাহী, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলা।
৪।	সাইবার ট্রাইব্যুনাল, খুলনা	খুলনা, যশোর, বাগেরহাট, সাতক্ষীরা, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মাগুরা ও ঝিনাইদহ জেলা।
৫।	সাইবার ট্রাইব্যুনাল, বরিশাল	বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা ও ভোলা জেলা।
৬।	সাইবার ট্রাইব্যুনাল, সিলেট	সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলা।
৭।	সাইবার ট্রাইব্যুনাল, রংপুর	রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, গাইবান্ধা, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা।
৮।	সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ	ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ও নেত্রকোণা জেলা।

২। এই প্রজ্ঞাপন জারির অব্যবহিতপূর্বে উক্ত আইনের অধীন এই বিভাগের ২৮ জানুয়ারি, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭-আইন/২০১৩ দ্বারা ঢাকায় স্থাপিত সাইবার ট্রাইব্যুনালে বিচারাধীন মামলাসমূহ, উহার স্থানীয় অধিক্ষেত্রের (ঢাকা, নরসিংদী, গাজীপুর, শরীয়তপুর, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলাসমূহ) মামলাসমূহ ব্যতীত অন্যান্য মামলা, এই প্রজ্ঞাপন জারির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত টেবিলের কলাম (৩) এ উল্লিখিত সংশ্লিষ্ট স্থানীয় অধিক্ষেত্রসম্পন্ন সাইবার ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে।

৩। দফা ২ এর অধীন স্থানান্তরিত কোনো মামলা বিচারের ক্ষেত্রে মামলাটি যে পর্যায় হইতে সাইবার ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে, সাইবার ট্রাইব্যুনাল সেই পর্যায় হইতে উক্ত মামলার বিচার কার্য শুরু করিবে।

৪। এই বিভাগের ২৮ জানুয়ারি, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭-আইন/২০১৩ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহরিয়ার মাহমুদ আদনান

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpspress. gov. bd